

# যুগান্তর

প্রিন্ট: ১৭ মার্চ ২০২৫, ০৯:৫৩ এএম

শিক্ষাঙ্গন

## চবির 'বি' ইউনিটে ৮০ শতাংশ ফেল



চবি প্রতিনিধি

প্রকাশ: ১৬ মার্চ ২০২৫, ১১:০৮ পিএম



এছাড়া পরীক্ষায় পাশ করেছেন ১২ হাজার ৬৫৬ জন, যা অংশ নেওয়া শিক্ষার্থীর ২০ দশমিক ২৪ শতাংশ। ওএমআর বাতিল হয়েছে ১৩৫ জন পরীক্ষার্থীর। পরীক্ষায় অংশ নিয়েছেন ৬২ হাজার ৫২৫ ভর্তিচ্ছু।

রোববার দুপুর ২টার দিকে ফল প্রকাশের পর যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন কলা ও মানববিদ্যা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইকবাল শাহীন খান। বিশ্ববিদ্যালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজ ও ওয়েবসাইটে এ ফল প্রকাশিত হয়।

কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত 'বি' ইউনিটের ১০টি বিষয়ের বিপরীতে সাধারণ আসন রয়েছে ৮৯৬টি। এবার মোট আবেদন করেন ৭৩ হাজার ১৭১ জন শিক্ষার্থী। চট্টগ্রাম, ঢাকা ও রাজশাহী কেন্দ্রে মোট পরীক্ষা দিয়েছেন ৬২ হাজার ৫২৫ জন শিক্ষার্থী।

গত ১ মার্চ 'এ' ইউনিট, ৮ মার্চ 'বি' ইউনিট, ১০ মার্চ বি-১ উপ-ইউনিট, ১১ মার্চ বি-২ উপ-ইউনিট ও ১৫ মার্চ সি ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া আগামী ২২ মার্চ ডি ইউনিট ও ২৪ মার্চ ডি-১ উপ-ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

